

নতুন গানের এ্যালবাম - ‘অশ্রুক্ষরণ’



সিডনির জনপ্রিয় কণ্ঠশিল্পী রুবাই এর একক বাংলা গানের এ্যালবাম - ‘অশ্রুক্ষরণ’, বাংলাদেশ থেকে প্রকাশিত হলো সিফনি মিউজিক এর প্রযোজনায় গত ২৪শে মার্চ ২০১২। সম্পূর্ণ নিজের কথা ও সুরের মোট দশটি মেলোডিক বাংলা রক গানের এই এ্যালবাম ইতিমধ্যেই বাংলাদেশে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। আগামী ২১ শে এপ্রিল সিডনী অলিম্পিক মাঠে অনুষ্ঠিতব্য বৈশাখী মেলায় রুবাই এর এই এ্যালবামটি তার নিজ স্টলে পাওয়া যাবে।

রুবাই ২০০৪ সাল থেকে টেম্পেস্ট্রা ও কৃষ্টি ব্যান্ড এর সাথে সিডনী, মেলবোর্ন ও ক্যানবেরাতে অসংখ্য স্টেজ শো তে দর্শকদের বিশেষ জনপ্রিয়তা অর্জন করেছেন।

রুবাই এর এ্যালবামে মোট ১০টি গান আছে যার প্রতিটি কথা ও সুর তার নিজের। ৫টি গানের কম্পোজিশন করেছেন তিনি সিডনীতে নিজস্ব স্টুডিওতে। রুবাই এর এই এ্যালবামের গানের সুরগুলো সম্পূর্ণ নতুন ধাঁচের এবং প্রতিটি গান ভিন্ন স্বাদের। গানগুলি পাশ্চাত্যের রিদম ও ইন্সট্রুমেন্ট এর মাধ্যমে পরিবেশিত হলেও সুর ও কথার বিন্যাসে স্বতন্ত্র। রুবাই আশাবাদী অস্ট্রেলিয়া প্রবাসী এবং সারা বিশ্বের বাংলা মেলোডিক রক গানের শ্রোতারা তার গান পছন্দ করবেন।



অশ্রুক্ষরণ এর মোড়োক উন্মোচন অনুষ্ঠানে, বাম থেকেঃ মিউজিক কম্পোজার বাডু, শিল্পী রুবাই, প্রধান অতিথি রাজশাহী সিটি করপোরেশন এর মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন এবং শিল্পীর বাবা ও মা।



বিশেষ অতিথি এন্ড্রু কিশোর এর সাথে রুবাই